গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

**সমাজসেবা অধিদপ্তরের সদর কার্যালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণে অনুষ্ঠিত ডিসেম্বর ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

**সভাপতি:** মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর।
**তারিখ ও সময়:** ২৩ ডিসেম্বর ২০২৫; বেলা ১১:৩০ ঘটিকা।
**স্থান:** জুম প্ল্যাটফর্ম (অনলাইন)।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সাম্প্রতিক সময়ে অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের প্রশংসা করেন এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচন ও সমাজসেবা দিবস উপলক্ষ্যে সকলকে সতর্কতার সাথে দায়িত্ব পালনের আহ্বান জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সঞ্চালক সভার এজেন্ডাভিত্তিক আলোচনা শুরু করেন। সভায় নিম্নবর্ণিত ১১টি এজেন্ডার ওপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১ | **বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ** | বিগত নভেম্বর ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় দৃঢ়ীকরণের জন্য উপস্থাপন করা হয়। | কোন সংশোধন বা সংযোজন প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। | |
| ০২ | **বাজেট ব্যবস্থাপনা ও খসড়া প্রণয়ন** | সভায় জানানো হয়, ২০২৫-২৬ অর্থবছরের বাজেট সিলিং অর্থ মন্ত্রণালয় কর্তৃক ব্যাপকভাবে হ্রাস করা হয়েছে। অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রথম পাঁচ মাসের ব্যয় বিবরণীকে ভিত্তি করে চলতি ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেটে সিলিং হ্রাস করা হয়েছে। প্রথম পাঁচ মাসের ব্যয় বিবরণীকে ভিত্তি করে আগামী ২০২৬-২৭ অর্থবছরের বাজেটের প্রাক্কলন ১.৫৬% হারে বৃদ্ধি করে সিলিং নির্ধারণের বিষয়ে আলোচনাকরা হয়। তবে অধিদপ্তরের অত্যাবশ্যকীয় চাহিদা বিবেচনায় ১ হাজার ৯৪ কোটি টাকার খসড়া প্রস্তুত করা হয়েছে। শিশু পরিবার ও প্রতিষ্ঠানের নিবাসীদের পোশাকের বরাদ্দ জনপ্রতি ৫০০ টাকা এবং শিক্ষা উপকরণের বরাদ্দ মাসিক ৫০০ টাকা হারে প্রস্তাব করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া অধিদপ্তরের নিজস্ব আয় (Revenue) বৃদ্ধির ওপর জোর দেওয়া হয়। | ২.১ ২০২৬-২৭ অর্থবছরের বাজেটের খসড়া ২৩ ডিসেম্বর ২০২৫ তারিখ বিকাল ৫ ঘটিকার মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২.২ শিশু পরিবার ও প্রতিষ্ঠানের নিবাসীদের পোশাক ও শিক্ষা উপকরণের বর্ধিত হার বাজেটে অন্তর্ভুক্ত করতে হবে।<br>২.৩ জেলা কমপ্লেক্স, মিলনায়তন ও প্রশিক্ষণ কেন্দ্রে আবাসনগুলোর ভাড়া আদায়ের মাধ্যমে অধিদপ্তরের নিজস্ব আয় বৃদ্ধিতে সচেষ্ট হতে হবে।<br>২.৪ জেলা কমপ্লেক্স ব্যবহারের নীতিমালা প্রণয়ন করতে হবে।<br>২.৫ স্বেচ্ছাসেবী সংস্থার নিবন্ধন ফি আদায়ের বৃদ্ধির মাধ্যমে অধিদপ্তরে আয় বৃদ্ধি করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (বাজেট) ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |
| ০৩ | **অভ্যন্তরীণ অডিট ও আর্থিক অনিয়ম** | অভ্যন্তরীণ নিরীক্ষায় মাঠ পর্যায়ে ১২টি সাধারণ আপত্তি (ফেক ভাউচার, ক্যাশ বই হালনাগাদ না থাকা ইত্যাদি) চিহ্নিত করা হয়েছে। বিভাগীয় পরিচালকগণ মত | ৩.১ অভ্যন্তরীণ নিরীক্ষার আপত্তিসমূহ নিজস্ব পর্যায়ে যাচাই করে দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং গুরুতর অনিয়মের ক্ষেত্রে বিধি মোতাবেক | পরিচালক (প্রশাসন ও অর্থ), সকল বিভাগীয় পরিচালক ও |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | প্রকাশ করেন যে, পিপিআর (PPR) ও আর্থিক বিধিবিধান সম্পর্কে কর্মকর্তাদের প্রশিক্ষণের অভাবেই মূলত এই অনিয়মগুলো হচ্ছে। | ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩.২ ডিসেম্বর ২০২৫ এর মধ্যে নিরীক্ষা আপত্তির বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপপরিচালক। |
| ০৪ | **ই-জিপি (e-GP) ও ক্রয় প্রক্রিয়া** | সভায় জানানো হয়, চলতি অর্থবছরের জন্য বিপিপিএ (BPPA) কর্তৃক অফলাইনে ক্রয়ের সম্মতি পাওয়া গেছে। তবে আগামী অর্থবছরে শতভাগ ই-জিপি নিশ্চিত করতে হবে। মহাপরিচালক কর্তৃক এ্যানুয়াল প্রকিউরমেন্ট প্ল্যান (APP) অনুমোদনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৪.১ সকল ক্রয়কারী কার্যালয়কে (Entity) অবিলম্বে ই-জিপি (e-GP) একাউন্ট খোলার বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>৪.২ ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ নিজ নিজ অধিক্ষেত্রের এ্যানুয়াল প্রকিউরমেন্ট প্ল্যান(APP) অনুমোদন করবেন এবং পিপিআর অনুসরণ করে ক্রয়কার্য সম্পন্ন করবেন। | সকল বিভাগীয় পরিচালক, উপপরিচালক এবং সংশ্লিষ্ট ক্রয়কারী কর্মকর্তা। |
| ০৫ | **সামাজিক নিরাপত্তা (ক্যান্সার ও অন্যান্য অনুদান)** | ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা কর্মসূচির অব্যয়িত অর্থ ফেরত প্রদান এবং এনআইডি (NID) ভিত্তিক সিম ও এমএফএস (MFS) হিসাব খোলার বিষয়ে আলোচনা হয়। কিছু জেলায় চেক বাউন্স বা রোগী মৃত্যুবরণ করার কারণে অর্থ বিতরণে জটিলতা সৃষ্টি হয়েছে। ৩১ ডিসেম্বর ২০২৫ এর মধ্যে এনআইডি ভিত্তিক সিম ও হিসাব খোলার সময়সীমা নির্ধারণ করা আছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরো তৎপর ব্যবস্থা নেয়ার বিষয়ে আলোচনা হয়। | ৫.১ ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা কর্মসূচির যেসব অর্থ বিতরণ সম্ভব নয়, তা দ্রুত সরকারি কোষাগারে জমা বা সারেন্ডার করে হিসাব হালনাগাদ করতে হবে।<br>৫.২ ভাতাভোগীদের এনআইডি ভিত্তিক সিম নিবন্ধন ও এমএফএস হিসাব খোলার বিষয়টি ৩১ ডিসেম্বর ২০২৫ এর মধ্যে নিশ্চিত করতে হবে।<br>৫.৩ দ্বিতীয় কিস্তির পেরোল দ্রুত আইবাস++ এ প্রেরণ সম্পন্ন করতে হবে। | পরিচালক (সামাজিক নিরাপত্তা), সকল বিভাগীয় ও জেলা পর্যায়ের কর্মকর্তা। |
| ০৬ | **ক্যাপিটেশন গ্র্যান্ট ও প্রাতিষ্ঠানিক বাজেট** | প্রতিষ্ঠানসমূহে 'ঙ' গ্রুপের আওতায় থোক বরাদ্দ বাতিল করে খাতওয়ারি (কোড ভিত্তিক) বরাদ্দ প্রদানের বিষয়টি জানানো হয়। এছাড়া অনলাইনে ক্যাপিটেশন গ্রান্টের আবেদনে এতিম শিশুর সংখ্যা সঠিকভাবে এন্ট্রির ওপর গুরুত্বারোপ করা হয়। এখনো যে সকল কার্যালয়ে মেরামত ও সংস্কার কাজের প্রাক্কলন প্রেরন করেননি তাদের জানুয়ারি মাসের মধ্যে পুনরায় প্রাক্কলন প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | ৬.১ প্রতিষ্ঠানসমূহের বরাদ্দ চাহিদাপত্র আবশ্যিকভাবে কোড ভিত্তিক প্রেরণ করতে হবে।<br>৬.২ ক্যাপিটেশন গ্রান্টের জন্য সঠিক ও হালনাগাদ তথ্য অনলাইনে এন্ট্রি দিতে হবে; ভুল তথ্যের কারণে বরাদ্দ কমে গেলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন।<br>৬.৩ মেরামত ও সংস্কার কাজের প্রাক্কলন জানুয়ারি ২০২৬ মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রতিষ্ঠান) ও সকল উপপরিচালক। |
| ০৭ | **কার্যক্রম, নির্বাচন ও গণভোট সচেতনতা** | আরএসএস (RSS) ও আরএমসি (RMC) কার্যক্রমের সুদমুক্ত ক্ষুদ্রঋণ বিতরণ ও উঠান বৈঠকের সময় আসন্ন নির্বাচন ও 'গণভোট' বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির নির্দেশনা দেওয়া হয়। নির্বাচন কমিশন হতে প্রাপ্ত | ৭.১ সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম ও উঠান বৈঠকের মাধ্যমে গণভোট বিষয়ে জনগণকে সচেতন করতে হবে।<br>৭.২ নির্বাচন কমিশন হতে প্রাপ্ত নির্দেশিকা ও জুলাই সনদ বিষয়ে | পরিচালক (কার্যক্রম) এবং মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | পাবলিকেশন ও নির্দেশিকা সম্পর্কে কর্মকর্তাদের ধারণা নেয়ার বিষয়ে আলোচনা করা হয়। | সকলকে অবহিত করতে হবে।<br>৭.৩ ঢাকা জেলা সমাজসেবা কার্যালয়কে স্বেচ্ছাসেবী সংস্থার তালিকা আগামী সাত কর্মদিবসের মধ্যে চূড়ান্ত করে অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | |
| ০৮ | **প্রশাসনিক সমস্যা ও আউটসোর্সিং বেতন** | পদোন্নতির ফলে সৃষ্ট শূন্য পদ পূরণ এবং আউটসোর্সিং কর্মীদের (বিশেষ করে ড্রাইভার ও অফিস সহায়ক) দীর্ঘদিনের বকেয়া বেতন-ভাতা পরিশোধের মানবিক বিষয়টি সভায় গুরুত্বের সাথে আলোচিত হয়। | ৮.১ আউটসোর্সিং কর্মীদের বকেয়া বেতন-ভাতা পরিশোধ ও চুক্তির নবায়নের বিষয়ে অর্থ মন্ত্রণালয় ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে দ্রুত সমাধানের উদ্যোগ নিতে হবে।<br>৮.২ শূন্য পদে জনবল পদায়নের বিষয়ে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ)। |
| ০৯ | **জাতীয় সমাজসেবা দিবস উদযাপন** | আগামী ০২ জানুয়ারি ২০২৬ তারিখে 'জাতীয় সমাজসেবা দিবস' উদযাপনের প্রস্তুতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | আগামী ০২ জানুয়ারি ২০২৬ তারিখে 'জাতীয় সমাজসেবা দিবস' অনাড়ম্বরভাবে ও যথাযোগ্য মর্যাদায় অধিদপ্তরে এবং জেলা পর্যায়ে উদযাপন করতে হবে। | সকল পরিচালক এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ। |
| ১০ | **বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা** | সমাজসেবা অধিদপ্তরের প্রতিষ্ঠানসমূহের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে বরিশাল বিভাগে ৭ হতে ৮ জানুয়ারি ও ঢাকা বিভাগে ৬ হতে ৭ জানুয়ারি অনুষ্ঠানের তারিখ নির্ধারিত হয় মর্মে সভায় আলোচনা হয়। | প্রতিষ্ঠানসমূহের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা জানুয়ারি ২০২৬ এর মধ্যে সম্পন্ন করতে হবে। | বিভাগীয় পরিচালক (সকল) ও প্রতিষ্ঠান প্রধানগণ |
| ১১ | **প্রশিক্ষণ ও প্রফেশনাল কোর্স** | মাঠ পর্যায়ের কর্মকর্তাদের আর্থিক ব্যবস্থাপনা ও পিপিআর বিষয়ক প্রশিক্ষণের ঘাটতি পূরণে জাতীয় সমাজসেবা একাডেমি ও সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ইন-হাউজ প্রশিক্ষণের প্রস্তাব করা হয়। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রস্তাবিত 'প্রফেশনাল মাস্টার্স কোর্স' চালুর বিষয়টি আলোচনা হয়। | ৯.১ জাতীয় সমাজসেবা একাডেমি কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত 'প্রফেশনাল মাস্টার্স কোর্স' চালুর প্রস্তাবনাটি পর্যালোচনাপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৯.২ নির্বাচন পরবর্তী সময়ে বুনিয়াদি প্রশিক্ষণ ও আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক শর্ট কোর্স আয়োজন করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) ও অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি |

পরিশেষে, সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানান এবং আসন্ন নির্বাচন ও জাতীয় সমাজসেবা দিবস ২০২৬ উপলক্ষ্যে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালনের আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সাইদুর রহমান খান
মহাপরিচালক
ও
সভাপতি

নম্বর: ৪১.০১.০০০০.০০০.০২০.০৬.০০০২.২৪.৬৫৭

তারিখ: ০৮ পৌষ ১৪৩২
২৩ ডিসেম্বর ২০২৫

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, (সকল)।
৫. জাতীয় প্রকল্প পরিচালক, চাইল্ড সেনসিটিভ সোস্যাল প্রটেকশন ইন বাংলাদেশ (সিএসপিবি) সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬. কর্মসূচি পরিচালক, সমন্বিত শিশু প্রশিক্ষণ ও পুর্নবাসন কেন্দ্র/প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।প্রকল্প পরিচালক, সরকারি শিশু পরিবার ও ছোটমনি নিবাস নির্মাণ/পুনঃনির্মাণ শীর্ষক প্রকল্প, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. প্রকল্প পরিচালক, ISO-5
৮. অতিরিক্ত পরিচালক(সকল), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৯. অধ্যক্ষ, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, মিরপুর/জাতীয় সমাজসেবা একাডেমি, ঢাকা।
১০. উপপরিচালক (সকল), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা, ।
১১. উপপরিচালক (সকল), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র।
১২. অধ্যক্ষ (উপপরিচালক), মানসিক প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠান, রউফাবাদ, চট্টগ্রাম।
১৩. উপপরিচালক (সকল), জেলা সমাজসেবা কার্যালয় ।
১৪. উপপরিচালক, ইআরসিপিএইচ, টংগী, গাজীপুর।
১৫. মহাব্যবস্থাপক (সকল), এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ।
১৬. তত্ত্বাবধায়ক, শিশু উন্নয়ন কেন্দ্র, টঙ্গী/গাজীপুর/যশোর।
১৭. দপ্তর প্রশাসক, ডি-নথি সিস্টেম, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
১৮. সহকারী পরিচালক (প্রশাসন-১,২/অর্থ/প্রকাশনা/সংগঠন ও ব্যবস্থাপনা/গুদাম ও যানবাহন), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৯. জনাব.......................................................................... ।

২৩/১২/২৫

(মোহাম্মদ রেজাউর রহমান)
উপপরিচালক
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
ফোন : ৪৮১১৮৫৬৫
ই-মেইল: dd.pub@dss.gov.bd